



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 6th Semester Examination, 2022

DSE1/2-P2-BENGALI (A2/B2)

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

**The question paper contains paper DSE-A2 and DSE-B2.
The candidates are required to answer any one from two papers.
Candidates should mention it clearly on the Answer Book.**

DSE-A2

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) যতীন্দ্রনাথ সেনগুপ্তের তিনটি কাব্যগ্রন্থের নাম ও প্রকাশকাল উল্লেখ করো।
- (খ) 'বন্যা' গল্পটির পটভূমি কোন্ অঞ্চলের? গল্পটি কার লেখা? কোন নদীতে বন্যা হয়েছিল?
- (গ) 'সুবর্ণলতা' উপন্যাসে সুবর্ণলতার বাবার নাম কী? তিনি কেমন প্রকৃতির মানুষ ছিলেন?
- (ঘ) 'মরীচিকা' কাব্যগ্রন্থটি কবি কাকে উৎসর্গ করেছিলেন? উৎসর্গপত্রে কী লেখা আছে?
- (ঙ) সতীনাথ ভাদুড়ীর যে-কোনো তিনটি গল্পের নাম উল্লেখ করে তিনটি চরিত্রের নাম লেখো।
- (চ) আশাপূর্ণা দেবীর 'সুবর্ণলতা' কোন্ গোত্রের উপন্যাস? এই উপন্যাসের তিনটি চরিত্রের নাম লেখো।
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) যতীন্দ্রনাথ সেনগুপ্তকে 'দুঃখবাদী' কবি বলা যায় কিনা তোমার পাঠ্য কবিতা অবলম্বনে বুঝিয়ে দাও।
- (খ) সুবর্ণলতার ব্যক্তিত্বের উপর তার মা সত্যবতীর প্রভাব কতটা পড়েছে তা নিজের ভাষায় লেখো।
- (গ) 'গণনায়ক' ছোটগল্পের রাজনৈতিক প্রেক্ষাপট সংক্ষেপে বিবৃত করো।
- (ঘ) 'হাট' কবিতাটি কার রচনা? কবিতাটির কাব্যসৌন্দর্য সংক্ষেপে আলোচনা করো।
- (ঙ) 'চকাচকী' গল্পে সতীনাথ ভাদুড়ী ব্যতিক্রমী প্রেমের যে দৃষ্টান্ত উপস্থাপিত করেছেন তার বর্ণনা দাও।
- (চ) 'সুবর্ণলতা' উপন্যাসের মুক্তকেশী চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) যতীন্দ্রনাথ সেনগুপ্তের 'মরীচিকা' কাব্যগ্রন্থটির নামকরণের সার্থকতা বিচার করো।
- (খ) 'সুবর্ণলতা' উপন্যাসকে নারীবাদী সাহিত্য বলা কতটা যুক্তিযুক্ত তা আলোচনা করো।
- (গ) 'চরণদাস এম.এল.এ' গল্পে তৎকালীন রাজনীতির যে পরিচয় পাওয়া যায় তা পরিস্ফুটন করো।
- (ঘ) 'পত্রলেখার বাবা' গল্পটির আখ্যানের শিল্প সার্থকতা বিচার করো।

অথবা

DSE-B2

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) কল্পবিজ্ঞান কাকে বলে ? এর ইংরেজী প্রতিশব্দটি লেখো।
- (খ) গোয়েন্দা কাহিনি বলতে কী বোঝায় ? বাংলা ভাষায় লেখা চারটি গোয়েন্দা কাহিনির নাম লেখো।
- (গ) ‘সব ভুতুড়ে’ গ্রন্থটি কত সালে প্রকাশিত ? গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছিল ?
- (ঘ) ‘সব ভুতুড়ে’ গ্রন্থে কয়টি গল্প আছে ? প্রথম ও শেষ গল্পের নাম লেখো।
- (ঙ) ‘চাঁদের পাহাড়’ উপন্যাসের শঙ্কর কোথায়, কীসের চাকরী পেয়েছিল ?
- (চ) ‘চাঁদের পাহাড়’ উপন্যাসে আলভারেজের মৃত্যু হয়েছিল কীভাবে ?
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) বাংলা গোয়েন্দা কাহিনির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (খ) বাংলা ডিটেকটিভ গল্প রচনায় শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের অবদান সংক্ষেপে আলোচনা করো।
- (গ) একেবারে আহেরিটোলার বাড়িতে গিয়ে উঠেছিল ? তারপর কী ঘটেছিল ?
- (ঘ) ‘সত্যি নয়’ গল্পটির বিষয় ভাবনার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (ঙ) ‘চাঁদের পাহাড়’ উপন্যাসে প্রকৃতির ভূমিকা কতখানি আলোচনা করো।
- (চ) শঙ্কর আলভারেজকে কী অবস্থায় উদ্ধার করেছিল ? উপন্যাসের পরবর্তী অংশে আলভারেজ কীভাবে শঙ্করকে সাহায্য করেছিল ?
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) ‘চাঁদের পাহাড়’ উপন্যাসের নাম করণের সার্থকতা আলোচনা করো।
- (খ) ‘সব ভুতুড়ে’ গ্রন্থটির গল্পগুলির মূল সুর অতীন্দ্রিয়তা নাকি কল্পবিজ্ঞান — তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও।
- (গ) ‘চাঁদের পাহাড়’ উপন্যাসের শঙ্কর চরিত্রটি বিশ্লেষণ করো।
- (ঘ) ‘সব ভুতুড়ে’ গল্প সংকলনের যে-কোনো একটি গল্পের শিল্পরূপ আলোচনা করো।

—x—